

প্যাশেন্ট এ্যাডভাইস্ এ্যান্ড লিয়েজন সার্ভিস্ (পি এ এল এস) গোপনীয়তা বজায় রেখে সেবা প্রদান করে এবং নিম্নোক্ত নম্বরে ফোন করে তাদের সঙ্গে যোগাযোগ করা যাবে:

টেলিফোন: 0800 376 0775

সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত।

সোমবার থেকে শুক্রবার

উক্ত সময়ের বাইরে আপনি পি এ এল্ এস-এর এ্যাম্বারিং ফোনে একটি বার্তা রেকর্ড করে রাখতে পারেন এবং আমরা পরবর্তী কর্ম দিবসে তার জবাব দিব। দয়া করে স্মরণ রাখবেন এটা কোন ইমার্জেন্সী 'ফোন নম্বর নয়।

ই-মেইল: pals@cpft.nhs.uk

অথবা ট্রাস্টটির প্রধান অফিসে পি এ এল্ এস-এর ম্যানেজারের নিকট চিঠি লিখুন।

ফেব্রুয়ারী ২০১০

অধিকতর তথ্যাদির জন্য নিম্নোক্ত ঠিকানায়

যোগাযোগ করুন:

এইচ কিউ এলিজাবেথ্ হাউজ, ফুলবার্ন হসপিটাল,

ক্যামব্রীজ সি বি ২১ ৫ ই এফ

ফোন: 01223 726789 ফ্যাক্স: 01480 398501

ওয়েবসাইট: www.cpft.nhs.uk

**প্যাশেন্ট এ্যাডভাইস্ এ্যান্ড
লিয়েজন সার্ভিস্...**

**Patient Advice and Liaison
Service ...**

আমরা এখানে আপনাকে সাহায্য করার জন্য
রয়েছি

ক্যামব্রীজশায়ার এ্যান্ড পিটারবর্যা় এন এইচ এন্স ফাউন্ডেশন ট্রাস্ট এর বিভিন্ন সার্ভিসের একজন ব্যবহারকারী বা ব্যবহারকারীর আত্মীয় বা কেয়ারার হিসেবে কোন কোন সময়ে আপনি হয়ত সাহায্য, পরামর্শ এবং তথ্য ও সহায়তার জন্য অন্য কারও নিকট যাবার প্রয়োজন দেখা দিতে পারে।

এমতাবস্থায় প্যাশেন্ট এ্যাডভাইস্ এ্যান্ড লিয়েজন সার্ভিস্ (পি এ এল এন্স) আপনাকে সাহায্য করতে পারে।

আমরা গোপনীয়তা বজায় রেখে পরামর্শ, তথ্য এবং সহায়তা প্রদান করি। আমরা যেসব সেবা প্রদান করি সেগুলোর বিষয়ে আপনার কোন উদ্দিগ্নতা থাকিলে সেগুলো সমাধান করতে সাহায্য সাহায্য করি। এন এইচ এন্স, আমাদের ট্রাস্ট এবং অন্যান্য স্থানীয় সংস্থাসমূহ যেসব সেবা প্রদান করে সেগুলোর বিষয়ে নির্দেশনা প্রদান করি।

সার্ভিস্টি নিম্নোক্ত কাজগুলো করবে:

- সেবার ব্যবহারকারী, তাদের পরিবার-পরিজন এবং কেয়ারারদেরকে পরামর্শ এবং সমর্থন প্রদান।
- এন এইচ এন্স সার্ভিসেস্ এর বিষয়ে তথ্য প্রদান।
- আপনার উদ্দিগ্নতাসমূহ, প্রস্তাবাবলী বা অন্তঃসন্ধানসমূহের ব্যাপারে শোনা।
- আপনার পক্ষ হয়ে সমস্যাসমূহ যথাসম্ভব তাড়াতাড়ি সমাধান করা।
- ট্রাস্টটির অভিযোগ করার পদ্ধতি এবং আপনি কি কি সমর্থন লাভ করতে পারেন সে বিষয়ে আপনাকে পরামর্শ প্রদান।

প্যাশেন্ট এ্যাডভাইস্ এ্যান্ড লিয়েজন সার্ভিসের সেবা ব্যবহার করাতে তা আপনাকে কোনভাবে ক্ষতিগ্রস্ত করবে না এবং আপনাকে দেখা-শোনায় এতে কোন পার্থক্য হবে না, কিন্তু সেবার উন্নয়নে এটা আমাদেরকে সাহায্য করবে।

আমরা যদিও মেন্টাল হেলথ্ ট্রাস্টের অংশ, তবে অনতিবিলম্বে এবং দ্রুত একটি সমাধান গ্রহণের জন্য আমরা স্টাফ, ম্যানেজার এবং যথোপযুক্ত ক্ষেত্রে অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের সঙ্গে সংযোগ রক্ষার মাধ্যমে সেবার ব্যবহারকারী এবং কেয়ারারদের সঙ্গে নিরপেক্ষ হিসেবে কাজ করি।

আমরা মেন্টাল হেলথ্ এ্যাডভোকেসী সার্ভিসের সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে কাজ করি যাতে সার্ভিসের ব্যবহারকারীগণ প্যাশেন্ট এ্যাডভাইস্ এ্যান্ড লিয়েজন সার্ভিস্ (পি এ এল এন্স) এর নিকট পৌছতে পারে এবং তাদের প্রয়োজনের সময়ে এ্যাডভোকেসী সার্ভিস্ পেতে পারে।

এছাড়াও আমরা সার্ভিসের ব্যবহারকারীগণ, তাদের পরিবার-পরিজন ও তাদের কেয়ারারদেরকে বিশেষ বিশেষ স্থানীয় বা জাতীয় পর্যায়ের বিভিন্ন এজেন্সীর নিকট পাঠাতে (র্যাফার) পারি।

সেবার ব্যবহারকারীগণ (সার্ভিস ইউজার) এবং কেয়ারারদের কোন উদ্দিগ্নতা নিয়ে কাজ করার সময় আমরা নিরপেক্ষভাবে কাজ করি।